রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, অক্টোবর ৩, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৭৪-আইন/২০২৩।**—কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৮ নং আইন) এর ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (৭) এর পর নিম্নরূপ নূতন দফা (৭ক), (৭খ) ও ৭(গ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৭ক) "**ডিজিটাল এড্রেসেবল সিস্টেম**" অর্থ সেটটপ বক্স, কন্ডিশনাল এক্সেস সিস্টেম এবং সাবস্ক্রাইবার ম্যানেজমেন্ট সিস্টেম;

(৭খ) "**ডিজিটালাইজেশন**" অর্থ এমন প্রক্রিয়া যাহার মাধ্যমে সেবাপ্রদানকারী ডিজিটাল এড্রেসেবল সিস্টেম এর মাধ্যমে বাংলাদেশে অনুমোদিত চ্যানেলসমূহ ডিজিটাল অডিও-ভিডিও আকারে গ্রাহকের নিকট বিতরণ করে;

(৭গ) "**ডিটিএইচ অপারেটর**" অর্থ যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি দেশি এবং বিদেশি টিভি চ্যানেল সম্প্রচারকারী অথবা উহার স্থানীয় পরিবেশকের নিকট হইতে বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) কর্তৃক অনুমোদিত ডিকোডার, চিপস এবং আনুষঙ্গিক যন্ত্রপাতির মাধ্যমে উক্ত দেশি এবং বিদেশি চ্যানেলের সিগন্যাল স্যাটেলাইট থেকে অথবা আইপি ফিডের মাধ্যমে ধারণা করিয়া এবং ডিটিএইচ প্ল্যাটফর্মের মাধ্যমে তাহার গ্রাহকদের নিকট উক্ত চ্যানেলগুলি বিতরণ করেন";



**মূল্য :** টাকা ১৬.০০

(খ) দ্বিতীয় অধ্যায় এর শিরোনামে উল্লিখিত "লাইসেন্স প্রদান, ইত্যাদি" শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে "চ্যানেল ডাউনলিংক ও বিতরণ, লাইসেন্স প্রদান, ইত্যাদি" শব্দগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ৩ এর—

(অ) উপ-বিধি (১) এর বিদ্যমান বিধান উপ-বিধি (১ক) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে এবং উহার পূর্বে নিম্নরূপ উপ-বিধি (১) সন্নিবেশিত হইবে, যথা:—

"(১) কোন ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারী তদ্‌বরাবর সরকার কর্তৃক অনুমোদিত চ্যানেল ব্যতীত অন্য কোন চ্যানেল বাংলাদেশে ডাউনলিংক, বিপণন, সঞ্চালন বা সম্প্রচার করিতে পারিবে না, এবং অনুমোদিত চ্যানেলসমূহ বাংলাদেশে সঞ্চালন বা সম্প্রচারের ক্ষেত্রে, সেবাপ্রদানকারীকে আবশ্যিকভাবে সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাহাদের কেব্‌ল্‌ টিভি নেটওয়ার্ক এর ডিজিটালাইজেশন সম্পন্ন করিয়া ডিজিটাল এড্রেসেবল সিস্টেম এর মাধ্যমে চ্যানেলসমূহ গ্রাহকের নিকট বিতরণ করিতে হইবে।";

(আ) পুনঃসংখ্যায়িত উপ-বিধি (১ক) এর—

(১) দফা (খ) এ উল্লিখিত "ভিত্তিতে আবেদনপত্র" শব্দগুলির পরিবর্তে 'অধীন ডিস্ট্রিবিউটরশীপের লাইসেন্স' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) দফা (গ) এ উল্লিখিত "প্রদানকারীকে" শব্দের পর "(ডিটিএইচ অপারেটর ব্যতীত)" শব্দগুলি ও বন্ধনী সন্নিবেশিত হইবে;

(৩) দফা (গ) এর প্রান্তস্থিত দাঁড়ি "।" চিহ্নের পরিবর্তে সেমিকোলন ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঘ) এবং শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথা:—

"(ঘ) প্রত্যেক ডিটিএইচ অপারেটরকে তদ্‌কর্তৃক কার্যক্রম পরিচালনার জন্য "ফরম-ঙ" অনুযায়ী আবেদনপত্র দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ইতিমধ্যে প্রশাসনিক আদেশবলে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ডিটিএইচ লাইসেন্স প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান এই বিধিমালার আওতায় লাইসেন্স প্রাপ্ত হইয়াছেন মর্মে বিবেচিত হইবে।";

(ই) উপ-বিধি (৪) এর দফা (খ) এ উল্লিখিত "উপ-ধারা (৩) এর বিধান অনুসরণক্রমে তফসিল-২ বা, ক্ষেত্রমত, তফসিল-৩" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "উপ-ধারা (২), (৩) ও (৪) এর বিধান অনুসরণক্রমে তফসিল-২ বা তফসিল-২ক, বা ক্ষেত্রমত, তফসিল-৩" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঈ) উপ-বিধি (৬) এর দফা (গ) এ উল্লিখিত “কোন কোম্পানী’ শব্দগুলির পরিবর্তে ‘ডিটিএইচ অপারেটর যাহার ৪৯% এর অধিক শেয়ার এবং অন্যান্য সেবাপ্রদানকারী” শব্দগুলি, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ৪ এ উল্লিখিত “তফসিল-২” শব্দ, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে “তফসিল-২ বা তফসিল-২ক” শব্দগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) বিধি ৫ এর উপ-বিধি (২) এ উল্লিখিত ““ফরম-ক” বা “ফরম-ঘ”” শব্দগুলির পরিবর্তে “ফরম-ক” বা “ফরম-ঘ” বা “ফরম-ঙ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) বিধি ৭ এ দুইবার উল্লিখিত “তফসিল-৪” শব্দ, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে “তফসিল-৪ বা, ক্ষেত্রমত, তফসিল-৪ক” শব্দগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ছ) বিধি ৮ এর—

(ক) উপান্তটীকায় উল্লিখিত “সংরক্ষণ” শব্দটির পর “ও রসিদ প্রদান” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত “হইবে” শব্দটির পর “এবং সরকার কর্তৃক, প্রয়োজনে, উহা নিরীক্ষা করা যাইবে” শব্দগুলি ও চিহ্নগুলি সন্নিবেশিত হইবে;

(গ) উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৩) সংযোজিত হইবে, যথা:—

“(৩) সেবা প্রদানকারী কর্তৃক প্রত্যেক গ্রাহককে পে-চ্যানেলসহ মোট চ্যানেল সংখ্যা এবং সার্ভিস ফি এর পরিমাণ উল্লেখপূর্বক রসিদ প্রদান করিতে হইবে।”;

(জ) বিধি ১০ এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত ‘‘তথ্য মন্ত্রণালয়ের” শব্দগুলির পরিবর্তে ‘‘তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) দফা (গ) এ উল্লিখিত “আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়” শব্দগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) দফা (জ) এ উল্লিখিত ‘‘তথ্য মন্ত্রণালয়ের” শব্দগুলির পরিবর্তে ‘‘তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঈ) দফা (ট) এ উল্লিখিত ‘‘তথ্য মন্ত্রণালয়ের” শব্দগুলির পরিবর্তে ‘‘তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(উ) দফা (ট) এর প্রান্তস্থিত দাঁড়ি "।" চিহ্নের পরিবর্তে সেমিকোলন ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঠ), (ড) ও (ঢ) সংযোজিত হইবে, যথা:―

"(ঠ) ডিটিএইচ অপারেটরের প্রতিনিধি;

(ড) ডিস্ট্রিবিউটরের প্রতিনিধি ;

(ঢ) কেব্‌ল্ অপারেটর অ্যাসোসিয়েশনের প্রতিনিধি।";

(ঝ) ফরম-ক এ উল্লিখিত ''৩(১)(ক)" সংখ্যা, বন্ধনী ও বর্ণের পরিবর্তে "৩(১ক)(ক)" সংখ্যা, বন্ধনী ও বর্ণ প্রতিস্থাপিত হইবে;

(ঞ) ফরম-খ এ উল্লিখিত "৩(১)(খ)" সংখ্যা, বন্ধনী ও বর্ণের পরিবর্তে "৩(১ক)(খ)" সংখ্যা, বন্ধনী ও বর্ণ প্রতিস্থাপিত হইবে;

(ট) ফরম-গ এ উল্লিখিত "৩(১)(গ)" সংখ্যা, বন্ধনী ও বর্ণের পরিবর্তে "৩(১ক)(খ)" সংখ্যা, বন্ধনী ও বর্ণ প্রতিস্থাপিত হইবে;

(ঠ) ফরম-ঘ এ উল্লিখিত "৩(১)(গ)" সংখ্যা, বন্ধনী ও বর্ণের পরিবর্তে "৩(১ক)(গ)" সংখ্যা, বন্ধনী ও বর্ণ প্রতিস্থাপিত হইবে;

(ড) ফরম-ঘ এর পর নিম্নরূপ নূতন ফরম-ঙ সন্নিবেশিত হইবে, যথা:―

''ফরম -ঙ
**[**বিধি-৩(১ক)**(ঘ) ও** ৫(২) দ্রষ্টব্য**]**

**ডিটিএইচ প্লাটফর্ম স্থাপনের লাইসেন্স বা লাইসেন্স নবায়নের জন্য আবেদন ফরম**

সচিব

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়

ঢাকা-১০০০।

বিষয়: ডিটিএইচ প্লাটফর্ম স্থাপনের লাইসেন্স বা লাইসেন্স নবায়নের জন্য আবেদন।

১। আবেদনকারী কোম্পানি/সংস্থা/প্রতিষ্ঠানের নাম (টি.আই.এন/বি. আই.এন সহ):

২। পরিচালকগণ এবং প্রধান নির্বাহীর বৃত্তান্ত (টি.আই.এন/বি. আই.এন ও জাতীয় পরিচয়পত্র নম্বরসহ):

(ক) প্রধান নির্বাহী:

| নাম | জন্ম তারিখ | নাগরিকত্ব ও আবাস | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | | |

(খ) অন্যান্য পরিচালকগণ/অংশীদারগণ:

| নাম | জন্ম তারিখ | জাতীয় পরিচয়পত্র নম্বর | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | | |

৩। ঠিকানা:

(ক) হেড অফিস:

(খ) আঞ্চলিক অফিস:

৪। কোম্পানি/প্রতিষ্ঠানের নিবন্ধন বৃত্তান্ত (প্রয়োজনীয় কাগজাদি সংযুক্ত করিতে হইবে):

(ক) বাংলাদেশে কার্যক্রম পরিচালনার অনুমতি/ রেজিস্ট্রেশন নং ও তারিখ:

(খ) বাংলাদেশ ব্যাংকের অনুমতিপত্র প্রাপ্তির তারিখ:

(গ) বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র প্রাপ্তির তারিখ:

(ঘ) ব্রডকাস্টার এর অনুমতি বা চুক্তিপত্র সম্পাদনের তারিখ:

(ঙ) ট্রেড লাইসেন্স প্রাপ্তির তারিখ:

৫। Equity মূলধনের গঠন:

(ক) অথরাইজড শেয়ার ক্যাপিটাল (নিবন্ধিত কোম্পানির ক্ষেত্রে):

(খ) পেইড আপ শেয়ার ক্যাপিটাল (নিবন্ধিত কোম্পানির ক্ষেত্রে):

৬। অংশীদারিত্বের গঠন (প্রয়োজনীয় প্রমাণাদি সংযুক্ত করুন):

(ক) সরাসরি বিনিয়োগ মোট Paid Up share capital এর শতাংশ হিসাবে—

(অ) বাংলাদেশি....................................... %

(আ) বৈদেশিক....................................... %

(খ) সরাসরি বৈদেশিক বিনিয়োগের বিভিন্ন ভাগস্বতন্ত্র......... % কোম্পানি সংস্থা/প্রতিষ্ঠান........................................ %

৭। অন্যান্য ব্যবসা/কার্যক্রমের বৃত্তান্ত:

৮। আবেদনকারী কোম্পানির সহিত অন্যান্য ব্রডকাস্টিং কোম্পানি ও কেব্‌ল্‌ নেটওয়ার্ক কোম্পানির শেয়ার ও শেয়ারের বৃত্তান্ত:

| **ক্রঃ নং** | **কোম্পানির নাম** | **কার্যক্রম (ব্রডকাস্টিং অথবা কেব্‌ল্‌ নেটওয়ার্ক)** | **আবেদনকারী কোম্পানির সহিত Equity holding এর শতকরা হার** |
|---|---|---|---|
| | | | |

৯। অন্যান্য ব্রডকাস্টিং কোম্পানি এবং কেব্‌ল্‌ নেটওয়ার্ক কোম্পানির সহিত আবেদনকারী কোম্পানির Equity holding এর বিবরণ:

| **ক্রঃ নং** | **কোম্পানি/সংস্থার নাম** | **কার্যক্রম (ব্রডকাস্টিং অথবা কেব্‌ল্‌ নেটওয়ার্ক)** | **আবেদনকারী কোম্পানির সহিত Equity holding এর শতকরা হার** |
|---|---|---|---|
| | | | |

১০। DTH Space Segment, uplink earth station ও ground terminal এর বিবরণ:

(ক) DTH Platform Space Segment:

(১) প্রস্তাবিত উপগ্রহের নাম:

(২) GEO (Geo-Stationary Orbit) অরবিটাল লোকেশন:

(৩) যে সমস্ত Transponder ভাড়া করা হইবে, তাহার ধরন ও সংখ্যা:

(৪) Frequency band of operation ধরন এর বিবরণ:

(৫) Transponder Center এর Frequency সমূহ:

(৬) প্রতিটি Transponder এ TV চ্যানেলের সংখ্যা:

(৭) প্রতিটি TV চ্যানেলের নির্দিষ্ট Frequency range, Bandwidth, modulation FEC এর data rate এর বিবরণ:

(৮) উক্ত স্যাটেলাইট কর্তৃক বাংলাদেশে সর্বোচ্চ ও সর্বনিম্ন প্রেরিত EIRP (Effective Isotropic Radiated Power) এর পরিমাণ (DBW):

(খ) Uplink Station এর বিবরণ:

(১) DTH Uplink Station এর স্থান:

(২) Uplink frequency band:

(৩) Uplink antenna size:

(৪) Uplink antenna gain:

(৫) Uplink EIRP: (ক) সর্বাধিক: .................(খ) সর্বনিম্ন:.......................

আমি/আমরা, ......................................আবেদনকারী কোম্পানি/ সংস্থা/ প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাবান হিসাবে এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরি-উক্ত বর্ণনা ও তথ্যাবলি সঠিক।

স্থান:

তারিখ:

(আবেদনকারীর স্বাক্ষর)
নাম ও পরিচয়

(ড) তফসিল-১ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"তফসিল-১

[বিধি- ৩(৩), ৪ ও ৫(২) দ্রষ্টব্য]

**ডিটিএইচ অপারেটর/ফিড অপারেটর/ কেব্‌ল্ অপারেটর/এমএসও/ কেব্‌ল্ ডিস্ট্রিবিউটর এর লাইসেন্স ফি বা প্রসেস ফি ইত্যাদি**

| আইটেমের বিবরণ | অপারেটরের ধরন | অপারেটরের ক্যাটাগরি ও এলাকার বিবরণ এবং বাৎসরিক ফি (টাকায়) | মাসিক সারচার্জ (টাকায়) |
|---|---|---|---|
| প্রসেস ফি | ফিড অপারেটর | ৩,০০০ (তিন হাজার) টাকা | - |
| | কেব্‌ল্ অপারেটর | ১০,০০০ (দশ হাজার) টাকা | - |
| | এমএসও | ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা | - |
| | কেব্‌ল্ ডিস্ট্রিবিউটর | ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকা | |
| | ডিটিএইচ অপারেটর | ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা | |
| লাইসেন্স ফি | ফিড অপারেটর | ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা [বিভাগীয় শহর] | ১২০০/- |
| | | ১৫,০০০ (পনের হাজার) টাকা [বিভাগীয় শহরের বাহিরে] | ৯০০/- |
| | | ১০,০০০ (দশ হাজার) টাকা [ জেলা শহর ব্যতীত অন্যান্য এলাকা] | ৬০০/- |
| | কেব্‌ল্ অপারেটর | ৭০,০০০ (সত্তর হাজার) টাকা [বিভাগীয় শহর] | ২০০০/- |
| | | ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকা [বিভাগীয় শহরের বাহিরে] | ১০০০/- |
| | | এমএসও-১,২০,০০০ (একলক্ষ বিশ হাজার) টাকা | ২০০০/- |
| | কেব্‌ল্ ডিস্ট্রিবিউটর | ৩,৫০,০০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (প্রতিটি বিদেশি পে-চ্যানেলের জন্য) | ৪০০০/- |
| | ডিটিএইচ অপারেটর | ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা | ২০,০০০/- |
| নবায়ন ফি | লাইসেন্সের মেয়াদ দুই বৎসর বিধায় আলাদাভাবে নবায়ন ফি নির্ধারণ করা হয় নাই। | | |
| ডুপ্লিকেটিং লাইসেন্স ফি | ফিড অপারেটর | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | - |
| | কেব্‌ল্ অপারেটর | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | - |
| | এমএসও | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | - |
| | কেব্‌ল্ ডিস্ট্রিবিউটর | ৫,০০০ (পাঁচ হাজার) টাকা | - |
| | ডিটিএইচ অপারেটর | ১০,০০০ (দশ হাজার) টাকা | - |

"

(ণ) তফসিল-২ এর পর নিম্নরূপ নূতন তফসিল-২ক সন্নিবেশিত হইবে, যথা:―

''তফসিল ২ক
[বিধি- ৩(৪)(খ) ও ৪ দ্রষ্টব্য]

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

**স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ডাউনলিংক করিয়া বাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের নিমিত্তে ডিটিএইচ প্রযুক্তি সংস্থাপন ও দর্শক ভোক্তাদের সেবা প্রদানের লাইসেন্স**

স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল ডাউনলিংক করিয়া বাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের নিমিত্ত ডিটিএইচ প্রযুক্তি সংস্থাপন করা এবং দর্শক-ভোক্তাদের সেবা প্রদানের জন্য .......................... (ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম)-কে নিম্নবর্ণিত শর্তে লাইসেন্স প্রদান করা হইলো:

শর্তসমূহ:

(১) অনুমতিপ্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে লাইসেন্স ফি হিসাবে এককালীন ২ (দুই) কোটি টাকা এবং জামানত হিসাবে ২ (দুই) কোটি টাকা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব বরাবর ব্যাংক ড্রাফট/ ট্রেজারি চালান/ পে-অর্ডার এর মাধ্যমে প্রদান করিতে হইবে, অন্যথায় লাইসেন্স বাতিল হইবে।

(২) এই লাইসেন্সের মেয়াদ হইবে ২ (দুই) বৎসর।

(৩) জনস্বার্থে যেকোনো মুহূর্তে এই লাইসেন্স বাতিল বা স্থগিত করা যাইবে।

(৪) অনুমতিপ্রাপ্তির এক বৎসরের মধ্যে কার্যক্রম শুরু করিতে হইবে, অন্যথায় লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) সরকার কর্তৃক ধার্যকৃত বার্ষিক নবায়ন ফি প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে প্রদান করিতে হইবে।

(৬) লাইসেন্সপ্রাপ্ত ডিটিএইচ সংস্থা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পূর্বানুমতিক্রমে সরকার অনুমোদিত টিভি চ্যানেলসমূহসহ সর্বাধিক ২৫০ (দুইশত পঞ্চাশ)টি চ্যানেল ডাউনলিংক করিতে পারিবে। কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে ভবিষ্যতে চ্যানেলের সংখ্যা বৃদ্ধি করা যাইবে।

(৭) ডিটিএইচ লাইসেন্সপ্রাপ্ত সংস্থাকে অবশ্যই বাংলাদেশের নিবন্ধিত সংস্থা হইতে হইবে।

(৮) ডিটিএইচ চালু করিবার জন্য বৈদেশিক বিনিয়োগের প্রয়োজন হইলে তাহা যথাযথ প্রক্রিয়া অনুসরণ করিয়া সম্পন্ন করিতে হইবে। তবে বৈদেশিক বিনিয়োগকারীকে কোনো ভাবেই ৪৯% এর বেশি শেয়ার প্রদান করা যাইবে না।

(৯) পূর্বানুমতি ছাড়া লাইসেন্সপ্রাপ্ত সংস্থার মালিকানায় বা শেয়ার হস্তান্তর করা যাইবে না।

(১০) ডিটিএইচ আপলিংক স্টেশন অবশ্যই বাংলাদেশ ভূখণ্ডে স্থাপন করিতে হইবে।

(১১) লাইসেন্সের মেয়াদকালের যে কোনো সময়ে কোনো ব্রডকাস্টিং কোম্পানি অথবা ক্যাবল নেটওয়ার্ক কোম্পানি একত্রে লাইসেন্সপ্রাপ্ত ডিটিএইচ সংস্থার মোট ইক্যুয়িটির (Equity) ২০% এর অধিক অংশীদার হইবার যোগ্য হইবে না। একইভাবে ডিটিএইচ লাইসেন্সপ্রাপ্ত সংস্থা অন্য কোনো ব্রডকাস্টিং কোম্পানি বা সংস্থা এবং ক্যাবল নেটওয়ার্ক কোম্পানির মোট ইক্যুয়িটি (Equity) শেয়ার এর ২০% ভাগের অধিক অংশীদার হইবে না।

(১২) জাতীয় নিরাপত্তার স্বার্থে অথবা জরুরি অবস্থায়/যুদ্ধের সময় অথবা এই জাতীয় পরিস্থিতিতে অনুষ্ঠানমালা সম্প্রচারের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপের ক্ষমতাসহ লাইসেন্স এর স্থাপনা অধিগ্রহণের ক্ষমতা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে। লাইসেন্স গ্রহীতা এবং Content Provider এর মধ্যে যে চুক্তিই থাকুক না কেন লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বা অন্য যে কোনো আইনানুগ কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা পাওয়া মাত্রই তাৎক্ষণিকভাবে টিভি চ্যানেল বা যে কোনো Content সম্প্রচার লাইসেন্স গ্রহীতা বন্ধ করিবে।

(১৩) এই সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা যখনই জারি করা হউক না কেন, উক্ত আইন, বিধিমালা ও নীতিমালার প্রতিটি শর্ত লাইসেন্স প্রাপ্তির তারিখ হইতে প্রযোজ্য হইবে। এইসব শর্ত পূরণে ব্যর্থ হইলে এই লাইসেন্স বাতিলযোগ্য হইবে।

(১৪) এই লাইসেন্সের কপি নিজস্ব কার্যালয়ে সর্ব সাধারণের জন্য প্রদর্শন করিতে হইবে।

(১৫) এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে।

(ত) তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“তফসিল-৪

[বিধি-৭ দ্রষ্টব্য]

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত**

**সার্ভিস ফি**

| ক্রঃ নং | সার্ভিস এর ধরন | এলাকা ভিত্তিক সার্ভিসের ধরন | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১। | সংযোগ ফি (এক বারের জন্য) | সিটি কর্পোরেশন এলাকার জন্য | সর্বোচ্চ ৫০০ (পাঁচশত) টাকা |
| | | সিটি কর্পোরেশন এলাকার বাহিরে | সর্বোচ্চ ৩০০ (তিনশত) টাকা |
| ২। | মাসিক ফি | বিভাগীয় শহরের জন্য (ন্যূনতম ৪০টি পে-চ্যানেলসহ মোট ৮৫টি চ্যানেল প্রদর্শনের শর্তে) | সর্বোচ্চ ৪০০ (চারশত) টাকা |
| ৩। | মাসিক ফি | অন্যান্য জেলা শহর, পৌরসভা ও নিকটবর্তী এলাকার জন্য (ন্যূনতম ৭৫টি পে-চ্যানেলসহ মোট ৫০টি চ্যানেল প্রদর্শনের শর্তে) | সর্বোচ্চ ৩৫০ (তিনশত পঞ্চাশ) টাকা |

| ক্রঃ নং | সার্ভিস এর ধরন | এলাকা ভিত্তিক সার্ভিসের ধরন | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ৪। | মাসিক ফি | অন্যান্য জেলা/উপজেলা (ন্যূনতম ২০টি পে- চ্যানেলসহ মোট ৬৫টি চ্যানেল প্রদর্শনের শর্তে) | সর্বোচ্চ ৩০০ (তিনশত) টাকা |

সেবাপ্রদানকারীর রেজি: নম্বর:..............................................................................

লাইসেন্স নম্বর ও তারিখ:

দ্রষ্টব্য:

১। সার্ভিস ফি এর এই তালিকা নিজস্ব কার্যালয়ে প্রদর্শন করিতে হইবে।

২। কেব্‌ল্‌ টেলিভিশন ডিজিটালাইজেশন প্রক্রিয়া সার্বিকভাবে সম্পন্ন হইলে সার্ভিস ফি নির্ধারণের ক্ষেত্রে তফসিল-৪ক প্রযোজ্য হইবে।";

(থ) তফসিল ৪ এর পর নিম্নরূপ নূতন তফসিল-৪ক সন্নিবেশিত হইবে, যথা:—

"তফসিল-৪ক

[বিধি- ৭ দ্রষ্টব্য]

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত**

**(ক) সার্ভিস ফি (ডিজিটালাইজেশন)**

| ক্রঃ নং | সার্ভিস এর ধরন | মূল্য/সেবামূল্য |
|---|---|---|
| ১। | সংযোগ ফি সেটটপ বক্স ও অন্যান্য যন্ত্রাংশ সংস্থাপন | বাজার মূল্য ও গ্রাহকের ক্রয় ক্ষমতা বিবেচনা করিয়া সেটটপ বক্সের মূল্য নির্ধারণ করা হইবে। |
| ২। | ডিটিএইচ সেটটপ বক্স, এলএনবি (Low Noise Block), ডিশ ও অন্যান্য যন্ত্রাংশ সংস্থাপন | |

**(খ) সার্ভিসের ধরন অনুযায়ী মাসিক ফি**

| ক্রঃ নং | প্যাকেজের নাম | দেশি ও পে-চ্যানেলসহ | মাসিক সেবামূল্য |
|---|---|---|---|
| ১। | প্যাকেজ-১ | শুধুমাত্র দেশীয় চ্যানেল | ২০০ (দুইশত) টাকা |
| ২। | প্যাকেজ-২ | দেশীয় চ্যানেল ও ১৫ পে-চ্যানেলসহ ৭৫ টি চ্যানেল | ৩০০ (তিনশত) টাকা |

| ক্রঃ নং | প্যাকেজের নাম | দেশি ও পে-চ্যানেলসহ | মাসিক সেবামূল্য |
|---|---|---|---|
| ৩। | প্যাকেজ-৩ | দেশীয় চ্যানেল ও ২৫ পে-চ্যানেলসহ ১০০ টি চ্যানেল | ৩৫০ (তিনশত পঞ্চাশ) টাকা |
| ৪। | প্যাকেজ-৪ | দেশীয় চ্যানেল ও ৪৮ পে-চ্যানেলসহ ১২০ টি চ্যানেল | ৪০০ (চারশত) টাকা |
| **উপরে উল্লেখিত চ্যানেলের চেয়ে অধিক সংখ্যক চ্যানেল প্রদর্শিত হইলে সার্ভিস প্রোভাইডার ও গ্রাহক পারস্পরিক সম্মতি সাপেক্ষে মাসিক সেবামূল্য নির্ধারণ করিতে পারিবে।** | | | |

সেবাপ্রদানকারীর রেজি: নম্বর:.............................................................................

লাইসেন্স নম্বর ও তারিখ:

দ্রষ্টব্য:

১। এই সার্ভিস ফি এবং মাসিক ফি এর তালিকা নিজস্ব কার্যালয়ে প্রদর্শন করিতে হইবে।

২। কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম ডিজিটালাইজেশন করিবার লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হইতে সময়ে সময়ে অফিস আদেশের মাধ্যমে সেটটপ বক্সের মূল্য এবং সংস্থাপনের সময়সীমা বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা যাইবে।

৩। সেটটপ বক্স, এলএনবি (Low Noise Block), ডিশ ও অন্যান্য যন্ত্রাংশের প্রযুক্তিগত মানদণ্ড সরকার কর্তৃক নির্ধারিত মানের হইতে হইবে।

৪। সার্ভিসের ধরন অনুযায়ী গ্রাহক পর্যায়ে মাসিক ফি সরকার কর্তৃক নির্ধারিত হার হইতে বেশি আদায়ের অভিযোগ পাওয়া গেলে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd